

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০  
www.ccie.gov.bd

নং ২৬.০৩.০০০০.০০৫.২৫.০০৬.১৬.১৬৫

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২২  
১৬ ফেব্রুয়ারি ২০১৬

অফিস স্মারক

বিষয়ঃ বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর/দাখিল।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/সার্কুলার/অনুশাসনমালা অনুসরণপূর্বক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরসহ এর আওতাধীন সকল আঞ্চলিক দপ্তরে কর্মরত ২য় শ্রেণীর কর্মকর্তা ও ৩য় শ্রেণীর কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা নিম্নরূপে নির্ধারণ করা হলো:

ক্রমিক	পদের নাম	অনুবেদনকারী কর্মকর্তা	প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা
১	নির্বাহী অফিসার	নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রক (নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রকের অবর্তমানে উক্ত দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক। নিজ দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রকের অবর্তমানে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সহকারী নিয়ন্ত্রক)	নিজ দপ্তরের উপনিয়ন্ত্রক (নিজ দপ্তরের উপ-নিয়ন্ত্রকের অবর্তমানে উক্ত দপ্তরের যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক। নিজ দপ্তরের যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রকের অবর্তমানে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের উপ-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক/প্রধান নিয়ন্ত্রক)
২	সাঁট-লিপিকার/ সাঁট-মুদ্রাক্ষরিক/ উচ্চমান সহকারী/ অফিস সহকারী	নিজ দপ্তরের নির্বাহী অফিসার	নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রক (নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রকের অবর্তমানে উক্ত দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক। নিজ দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রকের অবর্তমানে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সহকারী নিয়ন্ত্রক)

- ক) অনুবেদনাধীন কর্মকর্তা/কর্মচারী প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে এসিআর ফরম যথাযথভাবে পূরণপূর্বক অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন;
- খ) অনুবেদনকারী কর্মকর্তা প্রতিবছর ২৮ ফেব্রুয়ারির মধ্যে দাখিলকৃত এসিআর ফরম যথাযথভাবে অনুস্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন;
- গ) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা প্রাপ্ত এসিআর ফরম যথাযথভাবে প্রতিস্বাক্ষর শেষে আবশ্যিকভাবে ৩১ মার্চের মধ্যে সদর দপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। উল্লেখ্য যে, ৩১ মার্চের পর বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের বিষয়ে কোনরূপ আবেদন বিবেচনা করা হবে না।
- ঘ) বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর কোন ধরনের গাফিলতি পরিলক্ষিত হলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। বাণিজ্য মন্ত্রণালয়ের ৩০/০৪/২০১৫ তারিখের নং-২৬.০০.০০০০.০৮৮.৩৬.০৭৩.১৩.৮০ সংখ্যক অফিস আদেশটি যথাযথভাবে অনুসরণপূর্বক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরসহ এর আওতাধীন সকল আঞ্চলিক দপ্তরে কর্মরত ১ম শ্রেণীর কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর করতে হবে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর/দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ করা হলো।



(আফরোজা খান)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

controller.chief@yahoo.com

বিতরণঃ

১। সদর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী।

২। সকল আঞ্চলিক দপ্তর।

অনুলিপি: সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় (দৃঃআঃ যুগ্ম-সচিব, প্রশাসন-২), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

D: Adm...new-2\Office Order.doc 635